

নথি নম্বর- ৩৫.০০.০০০০.০০০.৯৯.০০৮.২৩-৬১

তারিখ:

১০ অগ্রহায়ন ১৪৩১ বঙ্গাব্দ

২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

ইন্টার্নশিপ আহবান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন ছয় (০৬) মাস মেয়াদে ০১ (এক) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা হলো:

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

- (ক) মন্ত্রণালয়/অধীন দপ্তরের কার্যাবলি
(রাষ্ট্রবিজ্ঞান, লোক প্রশাসন, সরকার, জননীতি, অর্থনীতি, ব্যবসা প্রশাসন, আন্তর্জাতিক সম্পর্ক ও উন্নয়ন, সমাজকর্ম, সমাজবিজ্ঞান ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য);
- (খ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম
(প্রকৌশল, পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক ও উন্নয়ন, সমাজকর্ম, সমাজবিজ্ঞান ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য);

০২। আবেদনের যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
 - (খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মাত্রক/মাত্রকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবর্তীর্ণ (Appeared) হতে হবে। অবর্তীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবর্তীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;
 - (গ) মাত্রক/মাত্রকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
 - (ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।
- ০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
- ০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
- ০৬। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবেনা। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।
- ০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অধ্যাধিকার হিসেবে গণ্য হবেনা।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।
- ১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিগালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৫। ইন্টার্নশিপ আগ্রহী প্রার্থীগণের আগামী ১৯ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে <http://eservices.rthd.gov.bd/internship> লিঙ্কে প্রবেশ করে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণকরত: প্রয়োজনীয় কাগজপত্রী সংযুক্তপূর্বক অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে; এবং
- ১৬। মৌখিক পরীক্ষায় সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

Corbin Zeelma
২৫.১১.২০২৪
(আসফিয়া সুলতানা)
উপসচিব